

ভাড়াটে

আমি এখন নিচু তলায়,
এক কামরার ভাড়াটে।
কামারগোলার পাশেই থাকি,
দত্ত বাবুর পাড়াতে।
চুন খসানো রঙিন দেওয়াল,
স্যাঁতসেঁতে আর গন্ধ,
এযেন এক আজব গুহা,
দরজা , জানালা বন্ধ।
প্রথম কদিন ভেবেছিলাম,
ঘরটা খানিক সস্তির।
সর্দি , কাসি রোগ সারেনা,
শরীর বেজায় অস্থির।
এঘর ছোট , ওঘর ভাঙা,
ঝঙ্কি আছে মেলা,
তবুও এসব আমার কাছে,
ঘর বদলের খেলা।
পরিযায়ীর দিনগুলো আজ,
কাটছে ভালই রাস্তায়।
দেখি আবার কোন ঘরে যাই,
কোন ঘর হয় সস্তায়।

/////